DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Aug 2026, 10:44 PM

প্রবাস

# ইতালিতে কন্টেন্ট ক্রিয়েটর বনি আমিনের ওপর হামলা

প্রতিবেদক: প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: বুধবার, ২২ জুলাই ২০২৬, ০৫:২৪ PM



কন্টেন্ট ক্রিয়েটর বনি আমিন, সংগৃহীত ছবি

ইতালিতে বাংলাদেশি বংশোদ্ভূত আস্ট্রেলিয়ান কন্টেন্ট ক্রিয়েটর বনি আমিনের ওপর হামলার ঘটনা ঘটেছে।

সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিও ও বিভিন্ন সূত্রের দাবি অনুযায়ী, একদল ব্যক্তি তার ওপর চড়াও হয়। অভিযোগ করা হচ্ছে, হামলাকারীদের মধ্যে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের সমর্থক বা নেতাকর্মীরা ছিলেন।

স্থানীয় সময় মঙ্গলবার দিবাগত রাতে দেশটির রাজধানী রোমের বাঙালি অধ্যুষিত এলাকা তরপিনিয়াত্তারায় এঘটনা ঘটে।

তবে এঘটনার পরপরই ইতালি কার্যক্রম নিষিদ্ধ আওয়ামীলীগের একাধিক নেতাকর্মীরা এই হামলার কথা স্বীকার করে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে একাধিক পোস্ট করেন, এবং দাবী করেন যে ইতালি কার্যক্রম নিষিদ্ধ আওয়ামীলীগের সাধারণ সম্পাদক

আলমগীর হোসেনের নেতৃত্বে এই বিতর্কিত কন্টেন্ট ক্রিয়েটরকে প্রতিহত করা হয়েছে।

ঘটনার পর বনি আমিনকে আর সামাজিক যোগাযোগমাধ্যমে দেখা যায়নি। তবে নাম প্রকাশে অনিচ্ছুক স্থানীয় প্রবাসী বাংলাদেশিরা জানান, "তিনি হাসপাতালে প্রাথমিক চিকিৎসা শেষে বিষয়টি নিয়ে আইনের দারস্থ হয়েছেন"।

এদিকে ঘটনাটি নিয়ে প্রবাসী বাংলাদেশি কমিউনিটিতেও ব্যাপক আলোচনা-সমালোচনা শুরু হয়েছে। সামাজিক যোগাযোগমাধ্যমে অনেকেই ঘটনার নিন্দা জানিয়ে দোষীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার আহ্বান জানিয়েছেন।

এ বিষয়ে অভিযুক্ত পক্ষের আনুষ্ঠানিক বক্তব্য পাওয়া যায়নি। ফলে হামলার প্রকৃত কারণ জানা যায়নি। তবে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামীলীগ নেতাদের কথায় বাংলাদেশের রাজনৈতিক পক্ষপাতিত্বর বিষয় উঠে আসে। এছাড়াও হামলার সময় বনি আমিনকে মৌলবাদী বলে কিল-ঘুষি ও লাথি মারছিলেন হামলাকারীরা।

তাই ধারণা করা হচ্ছে বাংলাদেশের রাজনৈতিক মতভেদের জেরে সহিংসতার এমন অভিযোগ উদ্বেগের সৃষ্টি করেছে। স্থানীয় আইনশৃঙ্খলা বাহিনী বিষয়টি তদন্ত করলে প্রকৃত ঘটনা ও দায়ীদের বিষয়ে আরও স্পষ্ট তথ্য জানা যাবে।

বনি আমিন একজন ভ্রমণ পিয়াসু মানুষ। বাংলাদেশী বংশোদ্ভূত এই অস্ট্রেলিয়ান নাগরিক বিশ্বজুড়ে ভ্রম করে কন্টেন্ট বানায়। ভ্রমণের উদ্দেশ্যে তিনি গত দুইদিন যাবত রোমে অবস্থান করছিলেন।

---

## এ বিভাগের আরও খবর




**কুয়েতে ভারতীয় চালকের বাস চাপায় বাংলাদেশি চালক নিহত**

কুয়েতের জিলিব আল শুয়ুখে দুই বাসের চাপায় পড়ে এক বাংলাদেশি বাস চালক নিহত হয়েছেন। গতকাল শুক্রবার (১৪ আগস্ট) এ ঘটনা ঘটে। আর তাকে চাপা দেওয়া বাসট...




### বিএনপি করা শরীফের কানাডা যুবলীগে পদ দখলের চেষ্টা!

কানাডার মন্ট্রিয়লে বসবাসকারী শরীফ উল্লাহর বিরুদ্ধে অতীতে বিএনপি-জামায়াতের রাজনীতির সঙ্গে সম্পৃক্ত থাকার পর এখন কানাডা যুবলীগের সভাপতির পদ পে...

---



### গ্রিসে উদ্ধার ২০২ অভিবাসী, বেশির ভাগ বাংলাদেশি ও সুদানি

গ্রিসের দক্ষিণাঞ্চলীয় ক্রিট দ্বীপে অভিবাসীদের আসা অব্যাহত রয়েছে। বৃহস্পতিবার কয়েকটি নৌযানে করে অন্তত ২০২ জন অভিবাসী দ্বীপটিতে পৌঁছেছেন।তাদের...

---




### জুলাই বিপ্লবের দ্বিতীয় বার্ষিকী উপলক্ষে নিউইয়র্কে অনুষ্ঠান

আন্তর্জাতিক সংহতি এবং গণতান্ত্রিক চেতনার আলোকে বাংলাদেশের ঐতিহাসিক জুলাই বিপ্লবের দ্বিতীয় বার্ষিকী উপলক্ষে প্যাট্রিয়টস অব বাংলাদেশ এবং বাং...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/probash/italite-kntent-kriyetr-bni-aminer-opr-hamla